# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় বিভিন্ন ইউনিট/বিভাগ/ইনস্টিটিউট এর শর্তাবলী

### ইউনিট-A

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) A ইউনিটের
বিষয়ভিত্তিক পরীক্ষার মান বন্টন ও শর্তাবলী

| পরীক্ষার ধরন: MCQ | পরীক্ষার সময়: ১ ঘন্টা | প্রশ্ন সংখ্যা: ৮০ | পূর্ণমান: ১০০ | MCQ পরীক্ষার পাশ নম্বর: ৪০ |
|---|---|---|---|---|
| সঙ্গীত; নাট্যকলা; চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র; মৃৎশিল্প ও ভাস্কর্য এবং গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগসমূহের ব্যবহারিক পরীক্ষার পূর্ণমান: ১০০ | | | | ব্যবহারিক পরীক্ষায় পাশ নম্বর: ৪০ |

A- ইউনিট (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)- এর MCQ প্রশ্নপত্রে ক, খ ও গ - এই ৩টি অংশ থাকবে। পরীক্ষার মানবন্টন নিম্নরূপ

| অংশ | প্রশ্ন সংখ্যা | মানবন্টন | |
|---|---|---|---|
| ক. বাংলা | ২৮ | ৩৫ নম্বর | MCQ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। |
| খ. ইংরেজি | ২৮ | ৩৫ নম্বর | |
| গ. সাধারণ জ্ঞান | ২৪ | ৩০ নম্বর | |
| | মোট ৮০ | মোট ১০০ নম্বর | |

A ইউনিটে (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার বিভাগীয় শর্তসমূহ নিম্নরূপ

| ক্রম | বিভাগের নাম | পরীক্ষার বিষয়, মানবন্টন ও বিশেষ শর্তসমূহ (সেশন: ২০২৫-২০২৬) |
|---|---|---|
| ১. | দর্শন | যারা এইচএসসি পর্যায়ে ২০০ নম্বরের যুক্তিবিদ্যা পড়েছে তাদের জন্য বিভাগে ৩০% আসন বরাদ্দ থাকবে। |
| ২. | ইতিহাস | যাদের এইচএসসি পর্যায়ে ইতিহাস (সাধারণ ইতিহাস) বিষয় ছিল তাদের জন্য ৪০টি আসন সংরক্ষিত থাকবে। |
| ৩. | ইংরেজি<br>আইন<br>আইন ও ভূমি প্রশাসন | ক. ইংরেজি, আইন এবং আইন ও ভূমি প্রশাসন এ ৩টি বিভাগে ভর্তির ক্ষেত্রে MCQ পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ইংরেজি বিষয়ে ৫০ নম্বরের (Reading Comprehension 25 ও Essay 25) একটি সমন্বিত লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।<br>খ. ইংরেজি বিভাগের জন্য উক্ত MCQ পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্য থেকে ইংরেজি অংশে প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে ১৫০০ জন, আইন বিভাগ এবং আইন ও ভূমি প্রশাসন বিভাগের জন্য MCQ পরীক্ষায় বাংলা ও ইংরেজি উভয় অংশে ৪৫% নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীদের মধ্যে সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে প্রথম ১৫০০জন পরীক্ষার্থীদের নিয়ে উক্ত সমন্বিত লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।<br>গ. ইংরেজি বিভাগের জন্য শুধুমাত্র লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা প্রস্তুত করা হবে। অপরদিকে আইন বিভাগ এবং আইনও ভূমি প্রশাসন বিভাগের জন্য MCQ ও লিখিত পরীক্ষায় প্রাপ্ত যৌথ নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা প্রস্তুত করা হবে। |
| ৪. | বাংলা | প্রার্থীর এইচএসসি/সমমান পর্যায়ে বাংলা বিষয়ে ২০০ নম্বর পঠিত হতে হবে। মোট আসন সংখ্যার ৭৫% আসন এইচএসসি মানবিক শাখার শিক্ষার্থীদের এবং অবশিষ্ট ২৫% আসন মানবিক শাখা ব্যতীত অন্যান্য শাখার শিক্ষার্থীদের (সাধারণ ও অন্যান্য শিক্ষাবোর্ড হতে উত্তীর্ণ) জন্য সংরক্ষিত। বাংলা বিভাগে ভর্তির ক্ষেত্রে MCQ পরীক্ষায় বাংলা অংশে ৩৫ এর মধ্যে ১৫ নম্বর পেতে হবে। |
| ৫. | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে ভর্তির জন্য পৃথক কোন শর্ত নেই। |
| ৬. | আরবী | আরবী বিভাগে ভর্তির জন্য শিক্ষার্থীকে দাখিল ও আলিম পাশ হতে হবে অথবা দাখিলসহ এইচএসসি পাশ হতে হবে অথবা এইচএসসি পর্যায়ে আরবী বিষয় থাকতে হবে। |
| ৭. | ইসলামিক স্টাডিজ | ইসলামিক স্টাডিজ বিভাগের মোট আসনের ৯৫% দাখিল ও আলিম পাশ অথবা দাখিলসহ এইচএসসি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনের বিপরীতে যদি উপযুক্ত প্রার্থী না পাওয়া যায়, তাহলে সাধারণ নিয়মে বিভাগের আসন পূর্ণ করা হবে। |
| ৮. | সঙ্গীত | MCQ পরীক্ষায় ৪০ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীদের জন্য ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষা হবে, যার পাশ নম্বর হবে ৪০। MCQ ও ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত যৌথ নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রস্তুত করা হবে। |

অঃ পৃঃ দ্রঃ

| | | |
|---|---|---|
| ৯. | নাট্যকলা | MCQ পরীক্ষায় ৪০ নম্বর প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের জন্য ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে, যার পাশ নম্বর ৪০। MCQ এবং ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত যৌথ নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রস্তুত করা হবে। ব্যবহারিক পরীক্ষায় যেসব বিষয় বিবেচিত হবে তা হলোঃ অভিনয়, সঙ্গীত, বাদ্য, নৃত্য, আবৃত্তি, নাটক ও শিল্পকলা বিষয়ক ব্যবহারিক জ্ঞান। |
| ১০. | ফারসি ভাষা ও সাহিত্য | ফারসি ভাষা ও সাহিত্য বিভাগে ভর্তির জন্য যে সকল শিক্ষার্থী এইচএসসি/সমমান পরীক্ষায় ২০০ (দুইশত) নম্বরের ফারসি অথবা আরবী পড়েছে তাদের মধ্য থেকে মোট আসনের ৫০% এবং অবশিষ্ট শিক্ষার্থীদের মধ্য থেকে ৫০% নিয়ে মেধা তালিকা প্রস্তুত করা হবে। এক্ষেত্রে কোন আসন শূন্য থাকলে তা যে কোন অংশ থেকে পূরণ করা যাবে। |
| ১১. | উর্দু | এইচএসসি/সমমান পরীক্ষায় যারা উর্দু/আরবী/ফারসি/হিন্দী পড়েছে, তাদের জন্য উর্দু বিভাগের মোট আসনের ৪০% সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনের বিপরীতে যদি উপযুক্ত প্রার্থী না পাওয়া যায়, তবে সাধারণ নিয়মে বিভাগের আসন পূর্ণ করা হবে। |
| ১২. | সংস্কৃত | সংস্কৃত বিভাগে ভর্তির জন্য পৃথক কোন শর্ত নেই। |
| ১৩. | অর্থনীতি | অর্থনীতি বিভাগে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের এইচএসসি পর্যায়ে গণিত/অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে ২০০ নম্বর পঠিত হতে হবে এবং কমপক্ষে 'A-' (A Minus) গ্রেড থাকতে হবে। মোট আসন সংখ্যার মানবিক থেকে ৬০জন, বিজ্ঞান থেকে ৩৫জন এবং বাণিজ্য থেকে ৫জন করে আসন বন্টন করতে হবে। |
| ১৪. | রাষ্ট্রবিজ্ঞান | রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ভর্তির জন্য পৃথক কোন শর্ত নেই। |
| ১৫. | সমাজকর্ম | সমাজকর্ম বিভাগে ভর্তির জন্য পৃথক কোন শর্ত নেই । |
| ১৬. | সমাজবিজ্ঞান | সমাজবিজ্ঞান বিভাগে ভর্তির জন্য পৃথক কোন শর্ত নেই । |
| ১৭. | গণযোগাযোগ ও সাংবাদিকতা | গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে ভর্তির জন্য পৃথক কোন শর্ত নেই । |
| ১৮. | ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট | ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট বিভাগে ভর্তির জন্য পৃথক কোন শর্ত নেই । |
| ১৯. | লোক প্রশাসন | লোক প্রশাসন বিভাগে ভর্তির জন্য পৃথক কোন শর্ত নেই । |
| ২০. | নৃবিজ্ঞান | নৃবিজ্ঞান বিভাগে ভর্তির জন্য MCQ পরীক্ষায় ইংরেজিতে যোগ্যতাসূচক ৪০% নম্বর পেতে হবে। মোট আসন সংখ্যার ৫০% বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের, ৪০% মানবিক শাখার শিক্ষার্থীদের এবং ১০% বাণিজ্য শাখার শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। |
| ২১. | ফোকলোর এন্ড সোস্যাল ডেভেলপমেন্ট স্টাডিজ | ফোকলোর বিভাগে ভর্তির জন্য পৃথক কোন শর্ত নেই। |
| ২২. | আন্তর্জাতিক সম্পর্ক | আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে ভর্তির জন্য পৃথক কোন শর্ত নেই । MCQ পরীক্ষায় ইংরেজিতে ন্যূনতম যোগ্যতাসূচক ৪০% নম্বর পেতে হবে। |
| ২৩. | চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র | চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগে ভর্তির জন্য MCQ পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় পাশ নম্বর ৪০। MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ২০% এবং ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৮০% এর সমন্বয়ে চূড়ান্ত মেধা তালিকা তৈরি করা হবে। |
| ২৪. | মৃৎশিল্প ও ভাস্কর্য | মৃৎশিল্প ও ভাস্কর্য বিভাগে ভর্তির জন্য MCQ পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় পাশ নম্বর ৪০। MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ২০% এবং ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৮০% এর সমন্বয়ে চূড়ান্ত মেধা তালিকা তৈরি করা হবে। |
| ২৫. | গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস * | গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগে MCQ পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় পাশ নম্বর ৪০। MCQ পরীক্ষার প্রাপ্ত নম্বরের ২০% এবং ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৮০% এর সমন্বয়ে চূড়ান্ত মেধা তালিকা তৈরি করা হবে। |
| ২৬. | শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে ভর্তির জন্য ইংরেজিতে MCQ পরীক্ষায় যোগ্যতাসূচক ৪০% নম্বর পেতে হবে। MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মোট আসনের ২০টি বিজ্ঞান শাখা, ২০টি মানবিক শাখা এবং ১০টি বাণিজ্য শাখার শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। |

অঃ পৃঃ দ্রঃ

# ইউনিট - B

**বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ**
**রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।**

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে বিবিএ ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ইউনিট-বি বিষয়ভিত্তিক পরীক্ষার মানবন্টন ও শর্তাবলী

**শর্ত সমুহ:**

১। **বাণিজ্য ও অ-বাণিজ্য** (বিজ্ঞান ও মানবিক) উভয় গ্রুপের ছাত্র/ছাত্রীরা ভর্তি পরীক্ষায় আবেদন করতে পারবে।

২। **বাণিজ্য ও অ-বাণিজ্য** গ্রুপের ছাত্র/ছাত্রীদের নিম্নলিখিত বিষয় সমূহের উপর MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

| বাণিজ্য গ্রুপ (MCQ) | | | | অ-বাণিজ্য গ্রুপ (MCQ) | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | বিষয় | প্রশ্নের সংখ্যা | নম্বর | | বিষয় | প্রশ্নের সংখ্যা | নম্বর |
| ক) | বাংলা | ০৮ | ১০ | ক) | বাংলা | ০৮ | ১০ |
| খ) | ইংরেজি | ২০ | ২৫ | খ) | ইংরেজি | ২০ | ২৫ |
| গ) | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | ২০ | ২৫ | গ) | সাধারণ জ্ঞান (সাধারণ গণিত, অর্থনীতি, এ্যাপটিচুড টেষ্ট, বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী) | ৪০ | ৫০ |
| ঘ) | হিসাববিজ্ঞান | ২০ | ২৫ | ঘ) | আইসিটি | ১২ | ১৫ |
| ঙ) | ফাইন্যান্স, ব্যাংকিং ও বীমা **অথবা** উৎপাদন ও বিপণন | ১২ | ১৫ | | | | |
| | **সর্বমোট=** | ৮০ | ১০০ | | | **৮০** | **১০০** |

৩) ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-তে ভর্তির জন্য বাণিজ্য ও অ-বাণিজ্য উভয় গ্রুপের পরীক্ষার্থীদের MCQ পরীক্ষায় ইংরেজিতে মোট ২৫ এর মধ্যে ন্যূনতম ১০ নম্বর পেতে হবে।

৪) **B ইউনিটের অধীনস্থ বিভাগসমূহ ও আইবিএ এর আসনসংখ্যা নিম্নরূপ হবে ঃ**

| | বিভাগ/ইনস্টিটিউট | আসন সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|
| | | বাণিজ্য গ্রুপ | বিজ্ঞান গ্রুপ | মানবিক গ্রুপ | মোট |
| ক) | হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বিভাগ | ১০০ | ০৭ | ০৩ | ১১০ |
| খ) | ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ | ৫৫ | ৪০ | ০৫ | ১০০ |
| গ) | মার্কেটিং বিভাগ | ৬০ | ২৫ | ০৫ | ৯০ |
| ঘ) | ফাইন্যান্স বিভাগ | ৬০ | ২৫ | ০৫ | ৯০ |
| ঙ) | ব্যাংকিং ও ইনস্যুরেন্স বিভাগ | ৪৮ | ২৮ | ০৪ | ৮০ |
| চ) | ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ | ৩০ | ১৫ | ০৫ | ৫০ |
| ছ) | ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) | ২২ | ১৮ | ০৪ | ৪৪ |
| | **সর্বমোট** | **৩৭৫** | **১৫৮** | **৩১** | **৫৬৪** |

- বাণিজ্য (বাণিজ্য ও ডিপ্লোমা-ইন-কর্মাস)
- অ-বাণিজ্য (মানবিক, বিজ্ঞান, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং)

৫) ইংরেজি ভার্সনের পরীক্ষার্থীদের বাংলা ভার্সনের প্রশ্নপত্র এবং বাংলা ভার্সনের পরীক্ষার্থীদের ইংরেজি ভার্সনের প্রশ্নপত্র সরবরাহ করা হবে না।

অঃ পৃঃ দ্রঃ

# ইউনিট-C
## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় (ইউনিট-C)
## বিষয়ভিত্তিক পরীক্ষার মানবন্টন ও শর্তাবলী

| | | | | |
|---|---|---|---|---|
| পরীক্ষার ধরন: MCQ | পরীক্ষার সময়: ১ ঘন্টা | প্রশ্ন সংখ্যা: ৮০ | পূর্ণমান: ১০০ | পাশ নম্বর: ৪০ |

### অনুষদ ও বিভাগ

| | |
|---|---|
| **বিজ্ঞান অনুষদ** | |
| ১. | গণিত |
| ২. | পদার্থবিজ্ঞান |
| ৩. | রসায়ন |
| ৪. | পরিসংখ্যান |
| ৫. | প্রাণরসায়ন ও অণুপ্রাণবিজ্ঞান |
| ৬. | ফার্মেসী |
| ৭. | পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট |
| ৮. | ফলিত গণিত |
| ৯ | শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান |
| **জীববিজ্ঞান অনুষদ** | |
| ১০. | মনোবিজ্ঞান |
| ১১. | উদ্ভিদবিজ্ঞান |
| ১২. | প্রাণিবিদ্যা |
| ১৩. | জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি |
| ১৪. | চিকিৎসা মনোবিজ্ঞান |
| ১৫. | মাইক্রোবায়োলজি |
| **কৃষি অনুষদ** | |
| ১৬. | এগ্রোনোমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ১৭. | ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি |
| **প্রকৌশল অনুষদ** | |
| ১৮. | ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল |
| ১৯. | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং |
| ২০. | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং |
| ২১. | ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং |
| ২২. | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং |
| **ভূ-বিজ্ঞান অনুষদ** | |
| ২৩. | ভূগোল ও পরিবেশবিদ্যা |
| ২৪. | ভূতত্ত্ব ও খনিবিদ্যা |
| **ফিশারীজ অনুষদ** | |
| ২৫. | ফিশারীজ |
| **ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ** | |
| ২৬. | ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস |

### পরীক্ষার বিষয়, মানবন্টন ও বিশেষ শর্ত

ভর্তি পরীক্ষা দুইটি শাখায় অনুষ্ঠিত হবে:

**I) বিজ্ঞান শাখা**

| শাখা | বিষয় | প্রশ্নের সংখ্যা | নম্বর | মোট নম্বর |
|---|---|---|---|---|
| ক (আবশ্যিক) | পদার্থবিজ্ঞান | ২৫ | ১.২৫ | ৩১.২৫ |
| | রসায়ন | ২৫ | | ৩১.২৫ |
| | আইসিটি | ৫ | | ৬.২৫ |
| খ (ঐচ্ছিক) | গণিত | ২৫ | ১.২৫ | ৩১.২৫ |
| | জীববিদ্যা | ২৫ | | |
| | জীববিদ্যা+গণিত | ১৩+১২ | | |
| | মোট | ৮০ | | ১০০ |

## শর্তাবলী

১. যে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থী ক সহ খ শাখার জীববিদ্যা + গণিত বিষয়ে উত্তর দিবে তারা C-ইউনিটের সব বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।

২. যে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থী ক সহ খ শাখায় গণিত বিষয়ে উত্তর দিবে তারা শুধুমাত্র C ইউনিটের গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন, পরিসংখ্যান, পপুলেশন সায়েন্স এন্ড ইউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট, ফলিত গণিত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান, ভূগোল ও পরিবেশবিদ্যা, ভূতত্ত্ব ও খনিবিদ্যা, মনোবিজ্ঞান, ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।

৩. যে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থী ক সহ খ শাখায় জীববিদ্যা বিষয়ে উত্তর দিবে তারা শুধুমাত্র C-ইউনিটের ফার্মেসী, প্রাণরসায়ন ও অণুপ্রাণবিজ্ঞান, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান, ভূগোল ও পরিবেশবিদ্যা, মনোবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিদ্যা, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, চিকিৎসা মনোবিজ্ঞান, মাইক্রোবায়োলজি, এগ্রোনোমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন, ফিশারীজ, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস এবং ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।

৪. ভর্তি পরীক্ষায় ক (আবশ্যিক) শাখায় ন্যূনতম ২৫ নম্বর খ (ঐচ্ছিক) শাখায় ন্যূনতম ১০ নম্বরসহ পাশ নম্বর ৪০।

অ. পৃ. দ্র.

**II) অ-বিজ্ঞান শাখা**

বিজ্ঞান ব্যতীত অন্যান্য শাখার প্রার্থীরা আবেদন করতে পারবে (যেমন- মানবিক, বাণিজ্য ইত্যাদি)।

**মানবন্টন**

| শাখা | বিষয় | প্রশ্নের সংখ্যা | নম্বর | মোট নম্বর |
|---|---|---|---|---|
| ক | বাংলা | ২৫ | ১.২৫ | ৩১.২৫ |
| খ | ইংরেজি | ২৫ | ১.২৫ | ৩১.২৫ |
| গ | সাধারণ জ্ঞান/ভূগোল/মনোবিজ্ঞান | ৩০ | ১.২৫ | ৩৭.৫ |
| | মোট | ৮০ | | ১০০ |

শর্তাবলী

১. যারা অ-বিজ্ঞান শাখায় পরীক্ষা দিবে তারা শুধুমাত্র ভূগোল ও পরিবেশবিদ্যা, মনোবিজ্ঞান, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।

২. গ শাখায় যারা ভূগোল বিষয়ে পরীক্ষা দিবে তারা শুধুমাত্র ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগে, যারা মনোবিজ্ঞান বিষয়ে পরীক্ষা দিবে তারা শুধুমাত্র মনোবিজ্ঞান এবং যারা সাধারণ জ্ঞান বিষয়ে পরীক্ষা দিবে তারা ভূগোল ও পরিবেশবিদ্যা, মনোবিজ্ঞান, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।

**অ-বিজ্ঞান শাখার পরীক্ষার্থীদের আসন বন্টন**

* শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগ : ১০ জন
* ভূগোল ও পরিবেশবিদ্যা : ১০ জন
* মনোবিজ্ঞান : ২০ জন

- শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিভাগের আসন সংখ্যা
  - ক) বিজ্ঞান শাখা হতে ২৫ জন
  - খ) অ-বিজ্ঞান শাখা হতে ১০ জন
  - গ) বিকেএসপি কোটায় ৪টি আসন সংরক্ষিত থাকবে।
- শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য বিজ্ঞান ও অ-বিজ্ঞান উভয় শাখায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে মেধাক্রমে নির্বাচিতদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে। ব্যবহারিক পরীক্ষায় (খেলাধুলা) প্রাপ্ত নম্বর এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রদান করা হবে। ব্যবহারিক পরীক্ষার সময় ও তারিখ পরে জানানো হবে। ব্যবহারিক পরীক্ষার নম্বর ৩২।

বিশেষ দ্রষ্টব্য: প্রয়োজনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শর্তাবলী সংশোধন করতে পারবে।

(প্রফেসর ড. মোহাম্মদ মাঈন উদ্দীন)
উপ-উপাচার্য (প্রশাসন)
রাজশাহী বিশ্ববিদ্যালয়

(প্রফেসর ড. ইফতিখারুল আলম মাসউদ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়